BAGHBAZAR READING LIB
Call No. ২ ৫৮৮
Accession No.
Date of Accn. ২০-৫-৫৫

# রাজযোগ

## প্রথম অধ্যায়

## অবতরণিকা

আমাদের সকল জ্ঞানই স্বানুভূতির উপর নির্ভর করে। আনুমানিক জ্ঞানের (সামান্য হইতে সামান্যতর বা সামান্য হইতে বিশেষ জ্ঞান, উভয়ের) ভিত্তি—স্বানুভূতি। সেগুলিকে নিশ্চিত-বিজ্ঞান * বলে, তাহাদের সত্যতা লোকে সহজেই বুঝিতে পারে, কারণ, উহারা প্রত্যেক লোককেই নিজে সেই বিষয় সত্য কিনা দেখিয়া তবে বিশ্বাস করিতে বলে। বিজ্ঞানবিৎ তোমাকে কোন বিষয় বিশ্বাস করিতে বলিবেন না। তিনি নিজে কতকগুলি

* Exact Science—নিশ্চিত-বিজ্ঞান অর্থাৎ যে সব বিজ্ঞানের তত্ত্ব এতদূর সঠিক ভাবে নির্ণীত হইয়াছে যে, গণনা-বলে তাহার দ্বারা ভবিষ্যৎ নিশ্চয় করিয়া বলিয়া দিতে পারা যায়। যথা—গণিত, গণিত-জ্যোতিষ ইত্যাদি।

আবার 'অন্তর্দৃষ্টি শক্তি আছে, এই শক্তিবলে মানুষ নিজ অন্তরের গভীরতম প্রদেশে দৃষ্টি করিতে পারে। অন্তর্দৃষ্টি-শক্তির বিকাশ সাধন করাই যোগীর উদ্দেশ্য ; মনের সমুদয় শক্তিকে একত্র করিয়া ও ভিতরের দিকে ফিরাইয়া, ভিতরে কি হইতেছে, তাহাই তিনি জানিতে চাহেন। ইহাতে বিশ্বাসের কোন কথা নাই, ইহা কতকগুলি দার্শনিকের মনস্তত্ত্ববিশ্লেষণের ফলমাত্র। আধুনিক শরীরতত্ত্ববিৎ পণ্ডিতেরা বলেন, চক্ষু প্রকৃতপক্ষে দর্শনের করণ নহে, ঐ করণ মস্তিষ্কের অন্তর্গত স্নায়ু-কেন্দ্রে অবস্থিত। সমুদয় ইন্দ্রিয়-সম্বন্ধেই এইরূপ বুঝিতে হইবে। তাঁহারা আরও বলেন—মস্তিষ্ক যে পদার্থে নির্মিত, এই কেন্দ্রগুলিও ঠিক সেই পদার্থে নির্মিত। সাংখ্যেরাও এইরূপ বলিয়া থাকেন ; তবে প্রভেদ এই যে—সাংখ্যের সিদ্ধান্ত আধ্যাত্মিক দিক দিয়া আর বৈজ্ঞানিকের ভৌতিক দিক দিয়া। তাহা হইলেও, উভয়ই এক কথা। আমাদিগকে ইহার অতীত রাজ্যের অন্বেষণ করিতে হইবে।

যোগীর চেষ্টা, নিজেকে এমন সূক্ষ্মানুভূতিসম্পন্ন করা, যাহাতে তিনি বিভিন্ন মানসিক অবস্থাগুলিকে প্রত্যক্ষ করিতে পারেন। মানসিক প্রক্রিয়া সমুদয়ের পৃথক্ পৃথক্ ভাবে মানস প্রত্যক্ষ আবশ্যক। বিষয়সমূহ চক্ষুর্গোলকাদিকে আঘাত করিবামাত্র তদুৎপন্ন বেদনা কিরূপে তত্তৎ করণসহায়ে স্নায়ুমার্গে ভ্রমণ করে, মন কিরূপে উহাদিগকে গ্রহণ করে, কি করিয়া উহারা আবার নিশ্চয়াত্মিকা বুদ্ধিতে গমন করে, পরিশেষে কি করিয়াই বা পুরুষের নিকট যায়—এই সমুদয় ব্যাপারগুলিকে পৃথক্ পৃথক্ ভাবে প্রত্যক্ষ করিতে হইবে। সকল বিষয় শিক্ষারই কতকগুলি নির্দিষ্ট প্রণালী

ভিতর অতিশয় উচ্চ কম্পন উৎপাদন করিতেন এবং উহাতেই তাঁহাদিগকে সমুদয় জগতের উপর প্রভাব বিস্তার করিবার শক্তি দিয়াছিল। জগতে যত প্রকার তেজঃ বা শক্তির বিকাশ দেখা যায়, সমুদয়ই প্রাণের সংযম হইতে উৎপন্ন হয়। মানুষে ইহার প্রকৃত তথ্য না জানিতে পারে, কিন্তু আর কোন উপায়ে ইহার ব্যাখ্যা হয় না। তোমার শরীরে এই প্রাণ কখন এক দিকে অধিক, অন্য দিকে অল্প হইয়া পড়ে। এইরূপ প্রাণের অসামঞ্জস্যেই রোগের উৎপত্তি। অতিরিক্ত প্রাণটুকুকে সরাইয়া যেখানে প্রাণের অভাব হইয়াছে তথাকার অভাবটুকু পূরণ করিতে পারিলেই রোগ আরোগ্য হয়। কোথায় অধিক, কোথায় বা অল্প প্রাণ আছে, ইহা জানাও প্রাণায়ামের অঙ্গ। অনুভব শক্তি এতদূর সূক্ষ্ম হইবে যে, মন বুঝিতে পারিবে, পদাঙ্গুষ্ঠে অথবা হস্তস্থ অঙ্গুলিতে যতটুকু প্রাণ আবশ্যক, তাহা নাই, আর উহা ঐ প্রাণের অভাব পরিপূর্ণ করিতেও সমর্থ হইবে। এইরূপ প্রাণায়ামের নানা অঙ্গ আছে। ঐগুলি ধীরে ধীরে ও ক্রমশঃ শিক্ষা করিতে হইবে। ক্রমে দেখিতে পাওয়া যাইবে যে, বিভিন্নরূপে প্রকাশিত প্রাণের সংযম ও উহাদিগকে বিভিন্ন প্রকারে চালনা করাই রাজযোগের একমাত্র লক্ষ্য। যখন কেহ নিজ সমুদয় শক্তিগুলিকে সংযম করিতেছে, তখন সে নিজ দেহস্থ প্রাণকেই সংযম করিতেছে। যখন কেহ ধ্যান করে, সেও প্রাণকেই সংযম করিতেছে, বুঝিতে হইবে।

মহাসমুদ্রের দিকে দৃষ্টিপাত করিলে দেখিতে পাইবে, তথায় পর্ব্বততুল্য বৃহৎ তরঙ্গসমূহ রহিয়াছে, ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গ রহিয়াছে, অপেক্ষাকৃত ক্ষুদ্রতর তরঙ্গ রহিয়াছে, আবার ক্ষুদ্র ক্ষুদ্র বুদ্বুদও

(conscious centres) কিন্তু প্রথমে অনুভব, পরে গতি হয়। সমুদয় অনুভূতিই বহির্দ্দেশ হইতে আগত ক্রিয়ার প্রতিক্রিয়ামাত্র; তবে স্বপ্নে অনুভূতি কিরূপে হয়? তখন ত বাহিরের কোন ক্রিয়া নাই, তবে ত বিষয়াভিঘাত-জনিত স্নায়বীয় গতিগুলি শরীরের কোন না কোন স্থানে নিশ্চয়ই অব্যক্তভাবে অবস্থান করে। মনে কর, আমি একটি নগর দেখিলাম। তন্নগরবাচ্য বহির্ব্বস্তুরাজির আঘাতের প্রতিঘাতেই আমাদের সেই নগরের অনুভূতি অর্থাৎ সেই নগরের বহির্ব্বস্তুনিচয় দ্বারা আমাদের অন্তর্ব্বাহী স্নায়ুমণ্ডলীর মধ্যে যে গতিবিশেষ উৎপন্ন হইয়াছে, তদ্দ্বারা মস্তিষ্কমধ্যস্থ পরমাণুগুলির ভিতর গতিবিশেষ উৎপন্ন হইয়াছে। এক্ষণে দেখা যাইতেছে যে, অনেক দিন পরেও ঐ নগরটি আমার স্মরণ-পথে আইসে। এই স্মৃতিতেও ঠিক ঐ ব্যাপারই হইয়া থাকে, তবে মৃদুতরভাবে। কিন্তু উহা মস্তিষ্কের ভিতর যে তথাবিধ মৃদুতর কম্পন আনিয়া দেয়, তাহাই বা কোথা হইতে আইসে? উহা যে সেই আদি বিষয়াভিঘাত-জনিত, তাহা কখনই বলিতে পারা যায় না। তাহা হইলে স্পষ্টই প্রতীত হইতেছে যে, ঐ বিষয়াভিঘাত-জনিত গতিপ্রবাহগুলি শরীরের কোন না কোন স্থানে কুণ্ডলীকৃত হইয়া রহিয়াছে এবং উহাদের অভিঘাতের ফলে স্বাপ্নিক অনুভূতিরূপ মৃদু প্রতিক্রিয়ার উদ্ভব। যে কেন্দ্রে বিষয়াভিঘাত-জনিত গতিপ্রবাহের অবশিষ্টাংশ বা সংস্কার-সমষ্টি যেন সঞ্চিত থাকে, তাহাকে মূলাধার বলে, আর ঐ কুণ্ডলীকৃত ক্রিয়াশক্তিকে কুণ্ডলিনী বলে। সম্ভবতঃ গতিশক্তিগুলির অবশিষ্টাংশও এই স্থানেই কুণ্ডলীকৃত হইয়া সঞ্চিত রহিয়াছে;

কারণ, বাহ্য বস্তুর দীর্ঘকাল চিন্তা ও আলোচনার পর শরীরের যে স্থানে ঐ মূলাধার চক্র ( সম্ভবতঃ Sacral Plexus ) অবস্থিত, তাহা উষ্ণ হইতে দেখা যায়। যদি এই কুণ্ডলিনী শক্তিকে জাগরিত করিয়া জ্ঞাতসারে সুষুম্না নালীর ভিতর দিয়া এক কেন্দ্র হইতে অপর কেন্দ্রে লইয়া যাওয়া যায়, উহা যেমন যেমন বিভিন্ন কেন্দ্রের উপর ক্রিয়া করিবে, অমনি প্রবল প্রতিক্রিয়ার উৎপত্তি হইবে। যখন কুণ্ডলিনী শক্তির অতি সামান্য অংশ কোন স্নায়ুরজ্জুর মধ্য দিয়া প্রবাহিত হইয়া বিভিন্ন কেন্দ্র হইতে প্রতিক্রিয়ার সৃষ্টি করে, তখন তাহাই স্বপ্ন অথবা কল্পনা নামে অভিহিত হয়। কিন্তু যখন ঐ দীর্ঘকালসঞ্চিত বিপুলায়তন শক্তিপুঞ্জ দীর্ঘকালব্যাপী তীব্র ধ্যানের শক্তিতে সুষুম্নামার্গে ভ্রমণ করিতে থাকে, তখন যে প্রতিক্রিয়া হয়, তাহা অতি প্রবল। তাহা স্বপ্ন বা কল্পনা-কালীন প্রতিক্রিয়া হইতে ত অনন্ত গুণে শ্রেষ্ঠ বটেই, জাগ্রৎকালীন বিষয়জ্ঞানের প্রতিক্রিয়া হইতেও অনন্তগুণে প্রবল। ইহাই অতীন্দ্রিয় অনুভূতি, আর মনের এই অবস্থায় উহা জ্ঞানাতীত ভূমিতে আরোহণ করিয়াছে বলা যায়। আবার যখন উহা সমুদয় জ্ঞানের, সমুদয় অনুভূতির কেন্দ্র-স্বরূপ মস্তিষ্কে যাইয়া উপস্থিত হয়, তখন সমুদয় মস্তিষ্ক এবং উহার অনুভবসম্পন্ন প্রত্যেক পরমাণু হইতেই যেন প্রতিক্রিয়া হইতে থাকে; ইহার ফল জ্ঞানালোকের পূর্ণ প্রকাশ বা আত্মানুভূতি। কুণ্ডলিনী শক্তি যেমন যেমন এক কেন্দ্র হইতে অপর কেন্দ্রে যাইবে, অমনি যেন মনের এক একটা পর্দা খুলিয়া যাইবে এবং তখন যোগী এই জগতের সূক্ষ্ম বা কারণাবস্থাটিকে উপলব্ধি করিতে থাকিবেন। তখনই কেবল আমাদের বিষয়াভিঘাত ও উহার প্রতিক্রিয়াস্বরূপ জগতের

তথাপি উহা মেরুদণ্ডে সংলগ্ন নহে। বক্র হইয়া বসিলে, উহা বিপর্য্যস্ত হইয়া পড়ে। অতএব দেখিতে হইবে, উহা যেন স্বচ্ছন্দ-ভাবে থাকে। বক্র হইয়া বসিয়া ধ্যান করিবার চেষ্টা করিলে নিজের ক্ষতি হয়। শরীরের তিনটি ভাগ, যথা—বক্ষোদেশ, গ্রীবা ও মস্তক, সর্ব্বদা এক রেখায় ঠিক সরলভাবে রাখিতে হইবে। দেখিবে, অতি অল্প অভ্যাসে উহা শ্বাস-প্রশ্বাসের ন্যায় সহজ হইয়া যাইবে। তৎপরে স্নায়ুগুলিকে বশীভূত করিবার চেষ্টা করিতে হইবে। আমরা পূর্ব্বেই দেখিয়াছি, যে স্নায়ু-কেন্দ্র শ্বাস-প্রশ্বাস যন্ত্রের কার্য্য নিয়মিত করে, অপরাপর স্নায়ুগুলির উপরও তাহার কতকটা প্রভাব আছে। এই জন্যই শ্বাসগ্রহণ ও ত্যাগ তালে তালে (rhythmical) করা আবশ্যক। আমরা সচরাচর যে ভাবে শ্বাস-প্রশ্বাস গ্রহণ বা ত্যাগ করি, তাহা শ্বাস-প্রশ্বাস নামের যোগ্যই হইতে পারে না, উহা এত অনিয়মিত। আবার স্ত্রীপুরুষের ভিতরে শ্বাস-প্রশ্বাসের একটু স্বাভাবিক প্রভেদ আছে।

প্রাণায়াম-সাধনের প্রথম ক্রিয়া এই :—ভিতরে নির্দ্দিষ্ট পরিমাণে শ্বাস গ্রহণ কর ও বাহিরে নির্দ্দিষ্ট পরিমাণে প্রশ্বাস ত্যাগ কর। এইরূপ করিলে দেহযন্ত্রটির অসামঞ্জস্য-ভাব বিদূরিত হইবে। কিছুদিন ইহা অভ্যাস করিবার পর, এই শ্বাসগ্রহণ ও ত্যাগের সময় ওঙ্কার অথবা অন্য কোন পবিত্র শব্দ মনে মনে উচ্চারণ করিলে ভাল হয়। ভারতের প্রাণায়ামের শ্বাসগ্রহণ ও ত্যাগের সংখ্যা নিরূপণ করিবার জন্য এক, দুই, তিন, চারি এই ক্রমে গণনা না করিয়া আমরা কতকগুলি সাঙ্কেতিক শব্দ ব্যবহার করিয়া থাকি। এই জন্যই আমি প্রাণায়ামের সময় ওঙ্কার অথবা

BAGHBAZAR READING LIBRARY
CALCUTTA

## ষষ্ঠ অধ্যায়

# প্রত্যাহার ও ধারণা

প্রাণায়ামের পর প্রত্যাহার সাধন করিতে হয়। এক্ষণে জিজ্ঞাস্য এই, প্রত্যাহার কি? তোমরা সকলেই জান, কিরূপে বিষয়ানুভূতি হইয়া থাকে। সর্ব্ব প্রথমে দেখ, ইন্দ্রিয়দ্বারস্বরূপ বাহিরের যন্ত্রগুলি রহিয়াছে, পরে ঐ ইন্দ্রিয়গোলকের অভ্যন্তরবর্ত্তী ইন্দ্রিয়গুলি—ইহারা মস্তিষ্কস্থ স্নায়ুকেন্দ্রগুলির সহায়তায় শরীরের উপর কার্য্য করিতেছে, তৎপরে মন। যখন এই ইন্দ্রিয়গুলি একত্রিত হইয়া কোন বহির্বস্তুর সহিত সংলগ্ন হয়, তখনই আমরা সেই বস্তু অনুভব করিয়া থাকি। কিন্তু আবার মনকে একাগ্র করিয়া কেবল কোন একটি ইন্দ্রিয়ে সংযুক্ত করিয়া রাখা অতি কঠিন; কারণ, মন (বিষয়ের) দাসস্বরূপ।

আমরা জগতে সর্ব্বত্রই দেখিতে পাই, সকলেই এই শিক্ষা দিতেছে যে, 'সাধু হও,' 'সাধু হও,' 'সাধু হও'। বোধ হয়, জগতে কোন দেশে এমন কোন বালক জন্মায় নাই, যে 'মিথ্যা কহিও না', 'চুরি করিও না' ইত্যাদিরূপ শিক্ষা পায় নাই, কিন্তু কেহ তাহাকে এই সকল অসৎ কর্ম্ম হইতে নিবৃত্তির উপায় শিক্ষা দেয় না। শুধু কথায় হয় না। কেনই বা সে চোর না হইবে? আমরা ত তাহাকে চৌর্য্যকর্ম্ম হইতে নিবৃত্তির উপায় শিক্ষা দিই না, কেবল বলি, 'চুরি করিও না'। মনঃসংযম করিবার

যতই করা হয়, ততই সে তাহার মনের শক্তির কিয়দংশ করিয়া হারাইতে থাকে, পরিশেষে মনকে সম্পূর্ণ জয় করা দূরে থাক, ক্রমশঃ তাহার মন একপ্রকার শক্তিহীন কিম্ভূতকিমাকার হইয়া যায়, পরিশেষে বাতুলালয়ই তাহার চরম গতি হইয়া দাঁড়ায়।

নিজের মনকে নিজের বশে আনিবার চেষ্টার পরিবর্তে এইরূপ পরেচ্ছাপ্রণোদিত সংযমের চেষ্টায় কেবল যে অনিষ্ট হয় তাহা নহে, উহা যে উদ্দেশ্যে কৃত হয় তাহাই সিদ্ধ হয় না। প্রত্যেক জীবাত্মারই চরম লক্ষ্য মুক্তি বা স্বাধীনতা; জড়বস্তু ও চিত্তবৃত্তির দাসত্ব হইতে মুক্তি লাভ করিয়া উহাদের প্রভুত্ব—বাহ্য ও অন্তঃপ্রকৃতির উপর প্রভুত্ব। কিন্তু উহার সহায়তা করা দূরে থাক, অপর ব্যক্তি কর্তৃক প্রযুক্ত ইচ্ছাশক্তিপ্রবাহ (উহা আমার প্রতি যে আকারেই প্রযুক্ত হউক না কেন,—উহাদ্বারা সাক্ষাৎ সম্বন্ধে আমার ইন্দ্রিয়গণ বশীভূত হউক, অথবা উহা একরূপ পীড়িত বা বিকৃতাবস্থায় আমার ইন্দ্রিয়গণকে সংযত করিতে বাধ্য করুক) বরং আমি যে সকল চিত্তবৃত্তিরূপ বন্ধনের—যে সকল প্রাচীন কুসংস্কারের—গুরু শৃঙ্খলে আবদ্ধ, তাহারই উপর আর একটি বন্ধনের, আর একটি কুসংস্কারের গ্রন্থি চাপাইয়া দেয়। অতএব সাবধান, অপরকে তোমার উপর যথেচ্ছ শক্তি সঞ্চালন করিতে দিও না। অথবা অপরের উপর এইরূপ ইচ্ছা-শক্তি প্রয়োগ করিয়া না জানিয়া তাহার সর্ব্বনাশ করিও না। সত্য বটে, কেহ কেহ অনেকের প্রবৃত্তির মোড় ফিরাইয়া দিয়া কিছুদিনের জন্য তাহাদের কিয়ৎ পরিমাণে কল্যাণসাধনে কৃতকার্য্য হন, কিন্তু আবার অপরের উপর এই বশীকরণ-শক্তি প্রয়োগ

উহা অজ্ঞাতসারে করিয়া থাকি। যখন উহা রক্ত-রূপে পরিণত হয়, তখনও উহা আমার অজ্ঞাতসারেই হইয়া থাকে। আবার যখন ঐ রক্ত হইতে শরীরের ভিন্ন ভিন্ন অংশ গঠিত হয়, তখনও উহা আমার অজ্ঞাতসারেই হইয়া থাকে। কিন্তু এই সমুদয় ব্যাপারগুলি আমার দ্বারাই সংসাধিত হইতেছে। এই শরীরের মধ্যে ত আর বিশটি লোক বসিয়া নাই যে ঐ কার্য্যগুলি করিতেছে। কিন্তু কি করিয়া জানিলাম যে, আমিই ঐগুলি করিতেছি, অপর কেহ করিতেছে না? এ বিষয়ে ত অনায়াসেই আপত্তি হইতে পারে যে, আহার করার সঙ্গেই আমার সম্পর্ক; খাদ্য পরিপাক করা ও তাহা হইতে শরীর গঠন করা আমার জন্য আর একজন করিয়া দিতেছে। একথা কথাই নহে; কারণ ইহা প্রমাণিত হইতে পারে যে, এখন যে সকল কার্য্য আমাদের অজ্ঞাতসারে হইতেছে, তাহার প্রায় সকলগুলিই আবার সাধন-বলে আমাদের জ্ঞাতসারে সাধিত হইতে পারে। আমাদের হৃদয়যন্ত্রের কার্য্য আপনিই চলিতেছে বলিয়া বোধ হয়, আমরা কেহই উহাকে ইচ্ছামত চালাইতে পারি না, উহা নিজের খেয়ালে নিজে চলিতেছে। কিন্তু এ হৃদয়ের কার্য্যও অভ্যাসবলে এমন ইচ্ছাধীন করা যাইতে পারে যে, ইচ্ছামাত্রে উহা শীঘ্র বা ধীরে চলিবে, অথবা প্রায় বন্ধ হইয়া যাইবে। আমাদের শরীরের প্রায় সমুদয় অংশই আমাদের বশে আনা যাইতে পারে। ইহাতে কি বুঝা যাইতেছে? বুঝা যাইতেছে যে, এক্ষণে যে সকল কার্য্য আমাদের অজ্ঞাতসারে হইতেছে, তাহাও আমরা করিতেছি; তবে অজ্ঞাতসারে করিতেছি, এইমাত্র। অতএব

অনেকেই এই সত্য ঠিক কোথা হইতে পাইলেন, তদ্বিষয়ে অনভিজ্ঞ ছিলেন। কেহ হয় ত বলিলেন, "এক স্বর্গীয় দূত পক্ষযুক্ত মনুষ্যাকারে আমার নিকট আসিয়া আমাকে বলিলেন, 'ওহে মানব, শুন, আমি স্বর্গ হইতে এই সুসমাচার আনয়ন করিয়াছি. গ্রহণ কর'।" আর একজন বলিলেন, "তেজঃ-পুঞ্জকায় এক দেবতা আমার সম্মুখে আবির্ভূত হইয়া আমাকে উপদেশ দিলেন।" আর একজন বলিলেন. "আমি স্বপ্নে আমার পিতৃ-পুরুষগণকে দেখিতে পাইলাম, তাঁহারা আমাকে এই সকল তত্ত্ব উপদেশ দিলেন।" ইহার অতিরিক্ত তিনি আর কিছুই বলিতে পারেন না। এইরূপে বিভিন্ন উপায়ে তত্ত্বলাভের কথা বলিলেও ইঁহারা সকলেই এই বিষয়ে একমত যে, যুক্তিতর্কের দ্বারা তাঁহারা এই জ্ঞান লাভ করেন নাই, উহার অতীত-প্রদেশ হইতে তাঁহারা উহা লাভ করিয়াছেন। এ বিষয়ে যোগশাস্ত্রের মত কি? ইহার মতে—তাঁহারা যে বলেন, যুক্তিবিচারের অতীত-প্রদেশ হইতে তাঁহারা ঐ জ্ঞান লাভ করিয়াছেন, ইহা ঠিক কথা; কিন্তু তাঁহাদের নিজের ভিতর হইতেই ঐ জ্ঞান তাঁহাদের নিকট আসিয়াছে।

যোগীরা বলেন, এই মনেরই এমন এক উচ্চাবস্থা আছে, যাহা বিচার-যুক্তির অধিকারের অতীত বা জ্ঞানাতীত-ভূমি। এ উচ্চাবস্থায় পৌঁছিলেই মানব তর্কের অগম্য জ্ঞান লাভ করে। সেই ব্যক্তিরই সমুদয় বিষয়জ্ঞানের অতীত পরমার্থজ্ঞান বা অতীন্দ্রিয়জ্ঞান লাভ হয়। এইরূপ পরমার্থজ্ঞান—বিচারের অতীত জ্ঞান—যে জ্ঞানে তর্কযুক্তি চলে না,—যাহাতে লোকে সাধারণ

মানবীয় জ্ঞান অতিক্রম করিতে পারে, তাহা কখন কখন লোকের দৈবাৎ লাভ হইতে পারে; সে ব্যক্তি অতীন্দ্রিয়জ্ঞান-লাভের বিজ্ঞান সম্বন্ধে অনভিজ্ঞ থাকিতে পারে, কিন্তু তাহাতে তাহার ঐ জ্ঞানলাভের প্রতিবন্ধক হয় না। কে যেন তাহাকে ঐ জ্ঞানরাজ্যে ঠেলিয়া ফেলিয়া দেয়। আর ঐরূপ হঠাৎ অতীন্দ্রিয়-জ্ঞানলাভ হইলে সে সাধারণতঃ মনে করে যে, ঐ জ্ঞান বহিঃ-প্রদেশ হইতে আসিতেছে। ইহা হইতে বেশ বুঝা যায় যে, এই পারমার্থিক জ্ঞান সকল দেশেই প্রকৃতপক্ষে এক হইলেও কোন দেশে দেবদূত হইতে, কোন দেশে দেশবিশেষ হইতে, আবার কোথাও বা সাক্ষাৎ ভগবান হইতে প্রাপ্ত বলিয়া শুনা যায় কেন? ইহার অর্থ কি? ইহার অর্থ এই যে, মন নিজ প্রকৃতিবশে নিজ অভ্যন্তর হইতেই ঐ জ্ঞান লাভ করিয়াছে। কিন্তু যাঁহারা উহা লাভ করিয়াছেন, তাঁহারা নিজ নিজ শিক্ষা ও বিশ্বাস অনুসারে ঐ জ্ঞান কিরূপে লাভ হইল, তাহার বর্ণনা করিয়াছেন। প্রকৃত কথা এই যে, ইঁহারা সকলেই ঐ জ্ঞানাতীত অবস্থায় হঠাৎ আসিয়া পড়িয়াছেন।

যোগীরা বলেন, এই জ্ঞানাতীত অবস্থায় হঠাৎ আসিয়া পড়ায় এক ঘোর বিপদাশঙ্কা আছে। অনেক স্থলেই মস্তিষ্ক একেবারে নষ্ট হইবার সম্ভাবনা। আরও দেখিবে, যে সব ব্যক্তি হঠাৎ এই অতীন্দ্রিয়জ্ঞান লাভ করিয়াছেন অথচ ইহার বৈজ্ঞানিক তত্ত্ব বুঝেন নাই, তাঁহারা যত বড়ই হউন না কেন, তাঁহারা সাধারণতঃ অন্ধকারে হাতড়াইয়াছেন এবং তাঁহাদের সেই জ্ঞানের সহিত কিছু না কিছু কিম্ভূতকিমাকার কুসংস্কার মিশ্রিত আছেই আছে।

তাঁহারা অনেক আজগুবি খেয়াল দেখিয়াছেন ও উহার প্রশ্রয় দিয়া গিয়াছেন।

যাহা হউক, আমরা অনেক মহাপুরুষের জীবনচরিত আলোচনা করিয়া দেখিতে পাই যে, সমাধি লাভ করিতে পূর্বোক্তরূপ বিপদের আশঙ্কা আছে। কিন্তু তাঁহারা সকলেই যে ঐ অবস্থা লাভ করিয়াছিলেন, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। তাঁহারা যে কোনরূপে হউক, ঐ জ্ঞানাতীত ভূমিতে আরোহণ করিয়াছিলেন; তবে আমরা দেখিতে পাই, যখন কোন মহাপুরুষ কেবল ভাবের দ্বারা পরিচালিত হইয়াছেন, কেবল ভাবোচ্ছ্বাসবশে এই অবস্থায় উপনীত হইয়াছেন, তিনি কিছু সত্য লাভ করিয়াছেন বটে, কিন্তু তৎসঙ্গে কুসংস্কার, গোঁড়ামি এ সকলও তাঁহাতে আসিয়াছে। তাঁহার শিক্ষার ভিতরে যে উৎকৃষ্ট অংশ, তদ্দ্বারা যেমন জগতের উপকার হইয়াছে, ঐ সকল কুসংস্কারাদির দ্বারা তেমনি ক্ষতিও হইয়াছে। মনুষ্যজীবন নানাপ্রকার বিপরীতভাবে আক্রান্ত বলিয়া অসামঞ্জস্যপূর্ণ; এই অসামঞ্জস্যের ভিতর কিছু সামঞ্জস্য ও সত্যলাভ করিতে হইলে, আমাদিগকে তর্কযুক্তির অতীত প্রদেশে যাইতে হইবে। কিন্তু উহা ধীরে ধীরে করিতে হইবে; নিয়মিত সাধনাদ্বারা ঠিক বৈজ্ঞানিক উপায়ে উহাতে পৌঁছিতে হইবে, আর সমুদয় কুসংস্কারও আমাদিগকে ত্যাগ করিতে হইবে। অন্য কোন বিজ্ঞান-শিক্ষার সময় আমরা যেরূপ করিয়া থাকি, ইহাতেও ঠিক সেই ধারার অনুসরণ এবং যুক্তি-বিচারকেই আমাদের ভিত্তিস্বরূপ করিতে হইবে। তর্কযুক্তি আমাদিগকে যতদূর লইয়া যাইতে পারে, ততদূর যাইতে হইবে।

মহাপুরুষগণের ন্যায় প্রত্যেক মনুষ্যের স্বভাবসিদ্ধ। তাঁহারা আমাদিগ হইতে সম্পূর্ণ পৃথক্ প্রকৃতির জীববিশেষ ছিলেন না, তাঁহারা তোমার আমার মতই মানুষ ছিলেন। অবশ্য তাঁহারা খুব উচ্চাঙ্গের যোগী ছিলেন এবং পূর্ব্বোক্ত জ্ঞানাতীত অবস্থা লাভ করিয়াছিলেন। তবে চেষ্টা করিলে তুমি আমিও উহা লাভ করিতে পারি। তাঁহারা যে কোন বিশেষ-প্রকার অদ্ভুত লোক ছিলেন, তাহা নহে। এক ব্যক্তি ঐ অবস্থা লাভ করিয়াছেন, উহা হইতে প্রমাণিত হয় যে, প্রত্যেক ব্যক্তিরই এই অবস্থা লাভ করা সম্ভব। ইহা যে শুধু সম্ভব তাহা নহে, সকলেই কালে এই অবস্থা লাভ করিবেই করিবে, আর এই অবস্থা লাভ করাই ধর্ম্ম। কেবল প্রত্যক্ষ অনুভূতি দ্বারাই প্রকৃত শিক্ষা লাভ হয়। আমরা সারা জীবন তর্কবিচার করিতে পারি, কিন্তু নিজে প্রত্যক্ষ অনুভব না করিলে সত্যের কণামাত্রও বুঝিতে পারিব না। কয়েকখানি পুস্তক পড়াইয়া তুমি কোন ব্যক্তিকে অস্ত্রচিকিৎসক করিয়া তুলিবার আশা করিতে পার না। কেবল একখানি মানচিত্র দেখাইলে কি আমার দেশ দেখিবার কৌতূহল-চরিতার্থ হইবে? নিজে তথায় গিয়া সেই দেশ প্রত্যক্ষ করিলে তবে আমার কৌতূহল মিটিবে। মানচিত্র কেবল দেশটির আরও অধিক জ্ঞান লাভের জন্য আগ্রহ জন্মাইয়া দিতে পারে। ইহা ব্যতীত উহার আর কোন মূল্য নাই। কেবল পুস্তকের উপর নির্ভর করিলে, মনুষ্যমনকে কেবল অবনতির দিকে লইয়া যায়। ঈশ্বরীয় জ্ঞান কেবল এই পুস্তকে বা ঐ শাস্ত্রে আবদ্ধ বলা অপেক্ষা ঘোর নাস্তিকতা আর কি হইতে পারে?

মানুষ ভগবানকে অনন্ত বলে, আবার এক ক্ষুদ্র গ্রন্থের ভিতর তাঁহাকে আবদ্ধ করিতে চায়! কি আস্পর্দ্ধা! পুঁথিতে বিশ্বাস করে নাই বলিয়া, 'একখানি গ্রন্থের ভিতরে সমুদয় ঈশ্বরীয় জ্ঞান আবদ্ধ,'—ইহা বিশ্বাস করিতে প্রস্তুত হয় নাই বলিয়া লক্ষ লক্ষ লোক হত হইয়াছে। অবশ্য সে হত্যাদির যুগ আর এখন নাই, কিন্তু জগৎ এখনও এই গ্রন্থ-বিশ্বাসে ভয়ানক জড়িত।

ঠিক বৈজ্ঞানিক উপায়ে জ্ঞানাতীত অবস্থা লাভ করিতে হইলে, আমি তোমাদিগকে রাজযোগবিষয়ে যে সকল উপদেশ দিতেছি, তাহার প্রত্যেক সাধনটির ভিতর দিয়া যাইতে হইবে। পূর্ব্ব বক্তৃতায় প্রত্যাহার ও ধারণা সম্বন্ধে বলা হইয়াছে, এক্ষণে ধ্যানের বিষয় আলোচনা করিব। দেহের অনুবর্ত্তী অথবা বাহিরের কোন প্রদেশে মনকে কিছুক্ষণ স্থির রাখিবার চেষ্টা পুনঃ পুনঃ করিতে থাকিলে উহার ঐ দিকে অবিচ্ছেদ্য গতিতে প্রবাহিত হইবার শক্তি লাভ হইবে। এই অবস্থার নাম ধ্যান। যখন ধ্যানশক্তি এতদুর উৎকর্ষ প্রাপ্ত হয় যে, অনুভূতির বহির্ভাগটি পরিত্যক্ত হইয়া কেবল উহার অন্তর্ভাগটির অর্থাৎ অর্থের দিকেই মন সম্পূর্ণরূপে গমন করে, তখন সেই অবস্থার নাম সমাধি। ধারণা, ধ্যান ও সমাধি এই তিনটিকে একত্রে লইলে, তাহাকে সংযম বলে; অর্থাৎ (১) যদি কেহ কোন বস্তুর উপর মনকে একাগ্র করিতে পারে, (২) পরে দীর্ঘকাল ধরিয়া ঐ বস্তুর উপর একাগ্রতাপ্রবাহ চালাইতে পারে, (৩) অবশেষে এইরূপ ক্রমাগত একাগ্রতা দ্বারা, যে আভ্যন্তরীণ কারণ হইতে ঐ বাহ্য বস্তুর অনুভূতি উৎপন্ন হইয়াছে, কেবল তাহার উপর মনকে ধরিয়া

এখন এমনভাবে মিশ্রিত হইয়া পড়িয়াছে যে, উহাদের প্রভেদ আর বুঝা যায় না। আমরা বাস্তবিক এক্ষণে ঐ তিনটির কোনটিকেই অনুভব করিতে পারি না, কেবল উহাদের সম্মিলনের ফলস্বরূপ বাহ্য বস্তুমাত্র অনুভব করি। প্রত্যেক অনুভবক্রিয়াতেই এই তিনটি ব্যাপার রহিয়াছে, আমরা উহাদিগকে পৃথক্ করিতে পারিব না কেন?

প্রথমোক্ত যোগাঙ্গগুলির অভ্যাসের দ্বারা যখন মন দৃঢ় ও সংযত হয় ও সূক্ষ্মতর অনুভবের শক্তি লাভ করে, তখন উহাকে ধ্যানে নিযুক্ত করা কর্ত্তব্য। প্রথমতঃ, স্থূল বস্তু লইয়া ধ্যান করা আবশ্যক। পরে ক্রমশঃ সূক্ষ্মাৎ সূক্ষ্মতর ধ্যানে অধিকার হইবে, পরিশেষে আমরা বিষয়শূন্য অর্থাৎ নির্ব্বিকল্প ধ্যানে কৃতকার্য্য হইব। মনকে প্রথমে অনুভূতির বাহ্য কারণ অর্থাৎ বিষয়, পরে স্নায়ুমণ্ডলমধ্যস্থ গতি, তৎপরে নিজের প্রতিক্রিয়াগুলিকে অনুভব করিবার জন্য নিযুক্ত করিতে হইবে। যখন কেবল অনুভূতির বাহ্য উপকরণ, অর্থাৎ বিষয়সমূহকে পৃথক্‌ভাবে পরিজ্ঞাত হওয়া যাইবে, তখন সমুদয় সূক্ষ্ম-ভৌতিক পদার্থ, সমুদয় সূক্ষ্ম-শরীর ও সূক্ষ্ম-রূপ জানিবার ক্ষমতা হইবে। যখন আভ্যন্তরীণ গতিগুলিকে অন্য সমুদয় বিষয় হইতে পৃথক্ করিয়া জানা যাইবে, তখন মানসিক বৃত্তিপ্রবাহগুলিকে—আপনার মধ্যেই হউক বা অপরের মধ্যেই হউক—জানিতে পারা যাইবে; এমন কি উহারা ভৌতিক শক্তিরূপে পরিণত হইবার পূর্ব্বে উহাদিগকে পরিজ্ঞাত হওয়া যাইবে এবং যখন কেবল মানসিক প্রতিক্রিয়াগুলিকে জানিতে পারা যাইবে, তখন যোগী সর্ব্ব পদার্থের জ্ঞান লাভ

উহাদের মধ্যে যম বলিতে অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহকে বুঝায়। এই যম দ্বারা চিত্তশুদ্ধি লাভ হয়। কায়, মন ও বাক্য দ্বারা সদাসর্ব্বদা সর্ব্বপ্রাণীর হিংসা না করা বা ক্লেশোৎপাদন না করাকে অহিংসা বলে। অহিংসা অপেক্ষা শ্রেষ্ঠতর ধর্ম্ম আর নাই। জীবের প্রতি এই অহিংসাভাব অবলম্বন করা অপেক্ষা মানুষের উচ্চতর সুখ আর নাই। সত্য হইতে সমুদয় লাভ হয়, সত্যে সমুদয় প্রতিষ্ঠিত। যথার্থ কথনকেই সত্য বলে। চৌর্য্য বা বলপূর্ব্বক অপরের বস্তু গ্রহণ না করার নাম অস্তেয়। কায়মনোবাক্যে সর্ব্বদা সকল অবস্থায় মৈথুনরাহিত্যের নামই ব্রহ্মচর্য্য। অতি কষ্টের সময়ও কোন ব্যক্তির নিকট হইতে কোন উপহার গ্রহণ না করাকে অপরিগ্রহ বলে। অপরিগ্রহ-সাধনের উদ্দেশ্য এই,—কাহারও নিকট কিছু লইলে হৃদয় অপবিত্র হইয়া যায়, গ্রহীতা হীন হইয়া যান, তিনি নিজের স্বাধীনতা বিস্মৃত হন এবং বদ্ধ ও আসক্ত হইয়া পড়েন।

তপঃ, স্বাধ্যায়, সন্তোষ, শৌচ ও ঈশ্বর-প্রণিধান—এই কয়েকটিকে নিয়ম বলে। নিয়ম শব্দের অর্থ নিয়মিত অভ্যাস ও ব্রত পরিপালন। উপবাস বা অন্যবিধ উপায়ে দেহ-সংযমকে শারীরিক তপস্যা বলে। বেদপাঠ অথবা অন্য কোন মন্ত্র উচ্চারণকে সত্ত্বশুদ্ধিকর স্বাধ্যায় বলে। মন্ত্র জপ করিবার তিন প্রকার নিয়ম আছে—বাচিক, উপাংশু ও মানস। বাচিক অপেক্ষা উপাংশু জপ শ্রেষ্ঠ এবং তাহা হইতে মানস জপ শ্রেষ্ঠ। যে জপ, এত উচ্চস্বরে করা হয় যে, সকলেই শুনিতে পায়, তাহাকে বাচিক বলে। যে জপে কেবল ওষ্ঠে স্পন্দন মাত্র হয়, কিন্তু নিকটবর্ত্তী

পরমাত্মাস্বরূপ ঈশ্বর। হৃদয়ে উহাকে ধ্যান কর। ব্রহ্মচর্য্য, অহিংসা অর্থাৎ সকলকে এমন কি, মহাশত্রুকেও ক্ষমা করা,—সত্য, আস্তিক্য প্রভৃতি বিভিন্ন ব্রত-স্বরূপ। এই সমুদয়গুলিতে যদি তুমি সিদ্ধ হইতে না পার, তাহা হইলেও দুঃখিত বা ভীত হইও না। চেষ্টা কর, ধীরে ধীরে সবই আসিবে। বিষয়াভিলাষ, ভয় ও ক্রোধ পরিত্যাগপূর্ব্বক যিনি ভগবানের শরণাগত ও তন্ময় হইয়াছেন, যাঁহার হৃদয় পবিত্র হইয়া গিয়াছে, তিনি ভগবানের নিকট যাহা কিছু বাঞ্ছা করেন, ভগবান তৎক্ষণাৎ তাহা পূরণ করিয়া দেন। অতএব তাঁহাকে জ্ঞান, ভক্তি অথবা বৈরাগ্যযোগে উপাসনা কর।

"যিনি কাহারও হিংসা করেন না, যিনি সকলের মিত্র, যিনি সকলের প্রতি করুণাসম্পন্ন, যাঁহার অহঙ্কার বিগত হইয়াছে, যিনি সদাই সন্তুষ্ট, যিনি সর্ব্বদা যোগযুক্ত, যতাত্মা ও দৃঢ়-নিশ্চয়, যাঁহার মন ও বুদ্ধি আমার প্রতি অর্পিত হইয়াছে, তিনিই আমার প্রিয় ভক্ত। যাঁহা হইতে লোকে উদ্বিগ্ন হয় না, যিনি লোকসমূহ হইতে উদ্বিগ্ন হন না, যিনি অতিরিক্ত হর্ষ, দুঃখ, ভয় ও উদ্বেগ ত্যাগ করিয়াছেন, এইরূপ ভক্তই আমার প্রিয়। যিনি কিছুরই অপেক্ষা রাখেন না, যিনি শুচি, দক্ষ, সুখদুঃখে উদাসীন, যাঁহার দুঃখ বিগত হইয়াছে, যিনি নিন্দা ও স্তুতিতে তুল্যভাবাপন্ন, মৌনী, যাহা কিছু পান তাহাতেই সন্তুষ্ট, গৃহশূন্য, যাঁহার নির্দ্দিষ্ট কোন গৃহ নাই, সমুদয় জগৎই যাঁহার গৃহ, যাঁহার বুদ্ধি স্থির, এইরূপ ব্যক্তিই যোগী হইতে পারেন।" (গীতা, ১২।১৩-১৯)

* * * *

# পাতঞ্জল-যোগসূত্র

## উপক্রমণিকা

যোগসূত্র-ব্যাখ্যার চেষ্টা করিবার পূর্ব্বে, যোগীদের সমগ্র ধর্ম্মমত যে ভিত্তির উপর স্থাপিত, আমি এমন একটি প্রশ্নের আলোচনা করিতে চেষ্টা করিব। জগতের শ্রেষ্ঠ মনীষিবৃন্দের সকলেরই এই বিষয়ে একমত বলিয়া বোধ হয়, আর ভৌতিক প্রকৃতি সম্বন্ধে অনুসন্ধানের ফলে ইহা একরূপ প্রমাণিত হইয়া গিয়াছে যে, আমরা আমাদের বর্ত্তমান সবিশেষ ভাবের পশ্চাতে অবস্থিত এক নির্ব্বিশেষ ভাবের বহিঃপ্রকাশ ও ব্যক্তভাবস্বরূপ; আবার সেই নির্ব্বিশেষভাবে প্রত্যাবৃত্ত হইবার জন্য ক্রমাগত অগ্রসর হইতেছি। যদি এইটুকু স্বীকার করা যায়, তাহা হইলে প্রশ্ন এই, উক্ত নির্ব্বিশেষ অবস্থা শ্রেষ্ঠতর, না বর্ত্তমান অবস্থা? এমন লোকের অভাব নাই, যাঁহারা মনে করেন এই ব্যক্ত অবস্থাই মানুষের সর্ব্বোচ্চ অবস্থা। অনেক চিন্তাশীল মনীষীর মত, আমরা এক নির্ব্বিশেষ সত্তার ব্যক্তভাব আর এই সবিশেষ অবস্থা নির্ব্বিশেষ অবস্থা হইতে শ্রেষ্ঠ। তাঁহারা মনে করেন, নির্ব্বিশেষ সত্তার কোন গুণ থাকিতে পারে না, সুতরাং উহা নিশ্চয়ই অচৈতন্য, জড়, প্রাণশূন্য।

করিয়াছিলেন। সুতরাং কার্য্যতঃ যখন এই ওঙ্কার মানবজাতির অধিকাংশের ধর্ম্মভাব-প্রকাশের জন্য ব্যবহৃত হইতেছে, তখন সকল দেশের সকল জাতিই উহা অবলম্বন করিতে পারেন। ইংরেজী 'গড' শব্দ ধর, উহাতে যে ভাব প্রকাশ করে, তাহা বড় বেশী দূর যাইতে পারে না। যদি তুমি উহার অতিরিক্ত কোন ভাব ঐ শব্দ দ্বারা বুঝাইতে ইচ্ছা কর, তবে তোমাকে উহাতে বিশেষণ যোগ করিতে হইবে—যেমন সগুণ (Personal), নির্গুণ (Impersonal), নির্ব্বিশেষ (Absolute) ইত্যাদি। অন্য সমুদয় ভাষাতেই ঈশ্বরবাচক যে সকল শব্দ আছে, তৎসম্বন্ধেও এই কথা খাটে; উহাদের অতি অল্প-ভাব প্রকাশ করিবার শক্তি আছে। কিন্তু 'ওঁ' এই শব্দে এই সর্ব্বপ্রকার ভাবই রহিয়াছে। অতএব, উহা সর্ব্বসাধারণের গ্রহণ করা আবশ্যক।

## তজ্জপস্তদর্থভাবনম্ ॥ ২৮ ॥

সূত্রার্থ—এই ওঙ্কারের পুনঃ পুনঃ উচ্চারণ ও উহার অর্থ ধ্যান (সমাধিলাভের উপায়)।

ব্যাখ্যা—এক্ষণে কথা হইতেছে, পুনঃ পুনঃ উচ্চারণের আবশ্যকতা কি? অবশ্য, আমাদের সংস্কারবিষয়ক মতবাদের কথা স্মরণ আছে; সমুদয় সংস্কারসমষ্টিই আমাদের মনোমধ্যে অবস্থিত আছে। সংস্কারগুলি মনের মধ্যে বাস করে; তাহারা ক্রমশঃ সূক্ষ্মানুসূক্ষ্ম হইয়া অব্যক্তভাব ধারণ করে বটে, কিন্তু একেবারে লুপ্ত হয় না, উহারা মনের মধ্যেই অবস্থিত থাকে;

ধ্যান করেন, তখনই অন্যান্য সমুদয় বস্তুকে মন হইতে সরাইয়া দিতে পারেন। তিনি যে বিষয় ধ্যান করেন, সে বিষয়ের সহিত এক হইয়া যান (তৎস্থিততা ও তদঞ্জনতা); যখন তিনি ধ্যান করেন, তিনি যেন একখণ্ড স্ফটিকতুল্য হইয়া যান; পুষ্পের নিকট স্ফটিক থাকিলে, ঐ স্ফটিক যেন পুষ্পের সহিত একরূপ একীভূত হইয়া যায়। যদি পুষ্পটি লোহিত হয়, তবে স্ফটিকটিও লোহিত দেখায়, যদি পুষ্পটি নীলবর্ণবিশিষ্ট হয়, তবে স্ফটিকটিও নীলবর্ণবিশিষ্ট দেখায়।

তত্র শব্দার্থজ্ঞানবিকল্পৈঃ সঙ্কীর্ণা সবিতর্কা
সমাপত্তিঃ ॥ ৪২ ॥

সূত্রার্থ—শব্দ, অর্থ ও তৎপ্রসূত জ্ঞান যখন মিশ্রিত হইয়া থাকে, তখনই তাহা সবিতর্ক অর্থাৎ বিতর্কযুক্ত সমাধি বলিয়া কথিত হয়।

ব্যাখ্যা—এখানে শব্দ অর্থে কম্পন। অর্থ অর্থে যে স্নায়বিক শক্তিপ্রবাহ উহাকে লইয়া ভিতরে চালিত করে, আর জ্ঞান অর্থে প্রতিক্রিয়া। আমরা এ পর্য্যন্ত যত প্রকার সমাধির কথা শুনিলাম, পতঞ্জলি এ সকলগুলিকেই সবিতর্ক বলেন। ইহার পর তিনি আমাদিগকে ক্রমশঃ আরও উচ্চ উচ্চ সমাধির কথা বলিবেন। এই সবিতর্ক সমাধিগুলিতে আমরা বিষয়ী ও বিষয়—এই দুইটি সম্পূর্ণরূপে পৃথক রাখিয়া থাকি; উহা শব্দ, উহার অর্থও তৎপ্রসূত জ্ঞানমিশ্রণে উৎপন্ন হয়। প্রথম বাহ্যকম্পন—শব্দ; উহা ইন্দ্রিয়প্রবাহদ্বারা ভিতরে প্রবাহিত

তাহাদের বিন্যাসের প্রণালীতে। যদি তুমিই ঐ বিন্যাসের কর্ত্তা হও, তাহা হইলে তুমি যেরূপে ইচ্ছা, ঐ তন্মাত্রাগুলির বিন্যাস করিয়া শরীর রচনা করিতে পার। এই শরীর তুমি ছাড়া আর কে নির্ম্মাণ করিয়াছে? আহার করে কে? যদি আর একজন তোমার হইয়া আহার করিয়া দিত, তোমাকে বড় বেশী দিন বাঁচিতে হইত না। ঐ খাদ্য হইতে রক্তই বা উৎপাদন করে কে? নিশ্চয় তুমিই। ঐ রক্তকে বিশুদ্ধ করিয়া ধমনীর মধ্যে প্রবাহিত করিতেছে কে? তুমিই। আমরাই দেহের কর্ত্তা এবং উহাতে বাস করিতেছি। কেবল উহা কিরূপে নূতন করিয়া গড়িতে হয়, সেই জ্ঞান আমরা হারাইয়া ফেলিয়াছি। আমরা যন্ত্র-তুল্য অবনতস্বভাব হইয়া পড়িয়াছি। আমরা দেহের পরমাণুগুলির বিন্যাসপ্রণালী ভুলিয়া গিয়াছি। সুতরাং আমরা এক্ষণে যাহা যন্ত্রবৎ করিতেছি, তাহা জ্ঞাতসারে করিতে হইবে। আমরাই কর্ত্তা, সুতরাং আমাদিগকেই এই বিন্যাসপ্রণালীকে নিয়মিত করিতে হইবে। ইহাতে কৃতকার্য্য হইলেই আমরা ইচ্ছামত নূতন করিয়া দেহের নির্ম্মাণে সমর্থ হইব; তখন আমাদের জন্ম, ব্যাধি, মৃত্যু কিছুই থাকিবে না।

**সতি মূলে তদ্বিপাকো জাত্যায়ুর্ভোগাঃ ॥ ১৩ ॥**

**সূত্রার্থ—মনে এই সংস্কাররূপ মূল থাকায় তাহার ফলস্বরূপ মনুষ্যাদি জাতি, ভিন্ন ভিন্ন পরমায়ু ও সুখ-দুঃখাদি ভোগ হয়।**

একটি না থাকিলে অপরটি থাকিতে পারে না। উহাদের মধ্যে একটির ভাব এই যে, আমরা বদ্ধ। মনে কর, আমাদের ইচ্ছা হইল আমরা দেওয়ালের মধ্য দিয়া যাইব। আমাদের মাথা দেওয়ালে লাগিয়া গেল, তাহা হইলে বুঝিলাম আমরা ঐ দেওয়ালের দ্বারা সীমাবদ্ধ। কিন্তু তাহা হইলেও আমরা দেখিতে পাইতেছি আমাদের ইচ্ছাশক্তি রহিয়াছে, আমাদের মনে হয় এই ইচ্ছাশক্তিকে আমরা যেখানে ইচ্ছা পরিচালিত করিতে পারি। প্রতিপদে আমরা দেখিতেছি, এই বিরোধী ভাবদ্বয় আমাদের সম্মুখে আসিতেছে। আমরা মুক্ত, ইহা আমাদিগকে অবশ্যই বিশ্বাস করিতে হইবে; কিন্তু আবার প্রতি মুহূর্তেই দেখিতেছি যে, আমরা মুক্ত নহি। যদি দুইটির ভিতরে একটি ভাব ভ্রমাত্মক হয়, তবে অপরটিও ভ্রমাত্মক হইবে; আর যদি একটি সত্য হয়, তবে অপরটিও সত্য হইবে, কারণ উভয়েই অনুভবরূপ একই ভিত্তির উপর স্থাপিত। যোগী বলেন, এই দুই ভাবের উভয়টিই সত্য। বুদ্ধি পর্য্যন্ত ধরিলে আমরা বাস্তবিক বদ্ধ। কিন্তু আত্মা হিসাবে আমরা মুক্তস্বভাব। মানুষের প্রকৃত স্বরূপ—আত্মা বা পুরুষ—কার্য্যকারণশৃঙ্খলের বাহিরে। এই আত্মারই মুক্ত-স্বভাবটি ভূতের ভিন্ন ভিন্ন স্তরের মধ্য দিয়া প্রকাশিত হইয়া বুদ্ধি, মন ইত্যাদি নানা আকার ধারণ করিয়াছে। ইহারই জ্যোতিঃ সকলের ভিতর দিয়া প্রকাশিত হইতেছে। বুদ্ধির নিজের কোন চৈতন্য নাই। প্রত্যেক ইন্দ্রিয়েরই মস্তিষ্কে এক একটি কেন্দ্র আছে। সমুদয় ইন্দ্রিয়ের যে একমাত্র কেন্দ্র

কিসে ভাল রাখিব, কিসেই বা উহা সুন্দর দেখাইবে, এ সকল ভাব একেবারে চলিয়া যায়। অপরে যাহাকে অতি সুন্দর মুখ বলিবে তাহাতে জ্ঞানের কোন চিহ্ন না থাকিলে যোগীর নিকট তাহা পশুর মুখ বলিয়া প্রতীয়মান হইবে। জগতের লোকে যে মুখে কোন বিশেষত্ব দেখে না, তাহার পশ্চাতে চৈতন্য প্রকাশ থাকিলে তিনি তাহাকে স্বর্গীয় মুখশ্রী বলিবেন। এই দেহতৃষ্ণা মনুষ্যজীবনের এক মহা উপদ্রব। সুতরাং শৌচপ্রতিষ্ঠার প্রথম লক্ষণ এই প্রকাশ পাইবে যে, তুমি আপনাকে আর একটি শরীরমাত্র বলিয়া ভাবিতে পারিবে না। যখন এই পবিত্রতা আমাদের মধ্যে বাস্তবিক প্রবেশ করে, তখনই আমরা এই দেহ-ভাবকে অতিক্রম করিতে পারি।

সত্ত্বশুদ্ধিসৌমনস্যৈকাগ্র্যেন্দ্রিয়-
জয়াত্মদর্শনযোগ্যত্বানি চ ॥ ৪১ ॥

সূত্রার্থ—এই শৌচ হইতে সত্ত্ব-শুদ্ধি, সৌমনস্য অর্থাৎ মনের প্রফুল্ল ভাব, একাগ্রতা, ইন্দ্রিয়জয় ও আত্মদর্শনের যোগ্যতা লাভ হইয়া থাকে।

ব্যাখ্যা—এই শৌচ অভ্যাসের দ্বারা সত্ত্ব পদার্থ বর্দ্ধিত হইবে, সুতরাং মনও একাগ্র ও সন্তোষপূর্ণ হইবে। তুমি ধর্ম্মপথে অগ্রসর হইতেছ, ইহার প্রথম লক্ষণ এই দেখিবে যে, তুমি বেশ সন্তোষলাভ করিতেছ। বিষাদপূর্ণ ভাব অবশ্য অজীর্ণ রোগের ফল হইতে পারে, কিন্তু তাহা ধর্ম্ম নহে। সুখই সত্ত্বের স্বভাবসিদ্ধ ধর্ম্ম; সাত্ত্বিক ব্যক্তির পক্ষে সমুদয়ই সুখময়

সম্বন্ধে (সহজে) চিন্তা করিতে পারি না, কিন্তু আমরা অনন্ত আকাশের বিষয় চিন্তা করিতে পারি।

ততো দ্বন্দ্বানভিঘাতঃ ॥ ৪৮ ॥

সূত্রার্থ—এইরূপে আসন জয় হইলে, তখন দ্বন্দ্ব-পরম্পরা আর কিছু বিঘ্ন উৎপাদন করিতে পারে না।

ব্যাখ্যা—দ্বন্দ্ব অর্থে শুভ-অশুভ, শীত-উষ্ণ, আলোক-অন্ধকার, সুখ-দুঃখ ইত্যাদি বিপরীতধর্ম্মক দুই দুই পদার্থ। এগুলি আর তখন তোমাকে চঞ্চল করিতে পারিবে না।

তস্মিন্ সতি শ্বাসপ্রশ্বাসয়োর্গতিবিচ্ছেদঃ
প্রাণায়ামঃ ॥ ৪৯ ॥

সূত্রার্থ—এই আসন জয়ের পর শ্বাস ও প্রশ্বাস উভয়ের গতি সংযত করাকে প্রাণায়াম বলে।

ব্যাখ্যা—যখন এই আসন জিত হয়, তখন এই শ্বাস-প্রশ্বাসের গতিভঙ্গ (অভাব) করিয়া দিয়া উহাকে জয় করিতে হইবে, সুতরাং, এক্ষণে প্রাণায়ামের বিষয় আরম্ভ হইল। প্রাণায়াম কি? না—শরীরস্থিত জীবনীশক্তিকে বশে আনয়ন। যদিও প্রাণ শব্দ সচরাচর শ্বাস অর্থে ব্যবহৃত হইয়া থাকে কিন্তু বাস্তবিক উহা শ্বাস নহে। প্রাণ অর্থে জাগতিক সমুদয় শক্তি-সমষ্টি। উহা প্রত্যেক দেহে অবস্থিত শক্তিস্বরূপ, আর উহার আপাতপ্রতীয়মান প্রকাশ—এই ফুস্‌ফুসের গতি। প্রাণ যখন শ্বাসকে ভিতর দিকে আকর্ষণ করে, তখনই এই গতি

মানুষের শক্তি, শব্দের শক্তি ও মনের শক্তির কোন সীমা-পরিসীমা নাই।

তপস্যা— তোমরা দেখিবে, কৃচ্ছ্রসাধন প্রত্যেক ধর্ম্মেই আছে। ধর্ম্মের এই সকল অঙ্গ-সাধনের বিষয়ে হিন্দুরাই সর্ব্বাপেক্ষা অধিকদূর গমন করিয়া থাকেন। এমন অনেকে আছেন, যাঁহারা সমস্ত জীবন হস্ত ঊর্দ্ধে রাখিয়া দিবেন, পরিশেষে উহা শুকাইয়া মরিয়া যাইবে। অনেকে দিবারাত্র দাঁড়াইয়া থাকে, অবশেষে তাহাদের পা ফুলিয়া উঠে; যদি তাহারা তাহার পরও জীবিত থাকে, তাহা হইলে সেই অবস্থায় তাহাদের পদদেশ এতদূর শক্ত হইয়া যায় যে, তাহারা আর পা নোয়াইতে পারে না। সমস্ত জীবন তাহাদিগকে দাঁড়াইয়া থাকিতে হয়। আমি একবার একটি ঊর্দ্ধবাহু পুরুষকে দেখিয়াছিলাম। আমি তাঁহাকে জিজ্ঞাসা করিলাম, "যখন আপনি প্রথম প্রথম ইহা অভ্যাস করিতেন, তখন আপনি কিরূপ বোধ করিতেন?" তিনি বলিলেন যে, প্রথম প্রথম ভয়ানক যাতনা বোধ হইত। এত যাতনা বোধ হইত যে, তিনি নদীতে যাইয়া জলে ডুবিয়া থাকিতেন; তাহাতে কিছুক্ষণের জন্য তাঁহার যন্ত্রণার কতকটা উপশম হইত। একমাস পরে আর তাঁহার বিশেষ কষ্ট ছিল না। এইরূপ অভ্যাসের দ্বারা বিভূতি লাভ হইয়া থাকে।

সমাধি— ইহাই প্রকৃত যোগ, এই শাস্ত্রের ইহাই প্রধান বিষয়; আর ইহাই সাধনের প্রধান উপায়। পূর্ব্বে যেগুলির বিষয় বলা হইল, উহারা গৌণ সাধন মাত্র। উহাদিগের দ্বারা

ব্যাখ্যা—যখন কোনও কৃষক ক্ষেত্রে জল সেচন করিবার ইচ্ছা করে, তখন তাহার আর অন্য কোন স্থান হইতে জল আনিবার আবশ্যক হয় না, ক্ষেত্রের নিকটবর্ত্তী জলাশয়ে জল সঞ্চিত রহিয়াছে, কেবল মধ্যে কপাটের দ্বারা ঐ জল ক্ষেত্রে আসিতে দিতেছে না। কৃষক সেই কপাট খুলিয়া দেয় মাত্র, দিবামাত্রই জল আপনাআপনি মাধ্যাকর্ষণ-নিয়মানুসারে তাহার ভিতর চলিয়া যায়। এইরূপ সকল ব্যক্তিতে সর্ব্বপ্রকার উন্নতি ও শক্তি পূর্ব্ব হইতেই অবস্থিত রহিয়াছে। পূর্ণতা প্রত্যেক মনুষ্যের স্বভাব, কেবল উহার দ্বার রুদ্ধ আছে, উহা উহার প্রকৃত পথ পাইতেছে না। যদি কেহ ঐ প্রতিবন্ধক অপসারিত করিয়া দিতে পারে, তবে তাহার সেই স্বভাবগত পূর্ণতা নিজ শক্তিবলে অভিব্যক্ত হইবেই হইবে। তখন মানুষ তাহার ভিতর পূর্ব্ব হইতেই অবস্থিত শক্তিগুলি লাভ করিয়া থাকে। এই প্রতিবন্ধক অপসারিত হইলে ও প্রকৃতি আপনার অপ্রতিহত গতি পাইলে, আমরা যাহাদিকে পাপী বলি, তাহারা সাধুরূপে পরিণত হয়। স্বভাবই আমাদের পূর্ণতার দিকে লইয়া যাইতেছেন, কালে তিনি সকলকেই তথায় লইয়া যাইবেন। ধার্ম্মিক হইবার জন্য যাহা কিছু সাধন ও চেষ্টা, তাহা কেবল নিষেধমুখ কার্য্যমাত্র—কেবল প্রতিবন্ধক অপসারিত করিয়া দেওয়া ও আমাদের স্বভাবসিদ্ধ, জন্ম হইতে প্রাপ্ত অধিকারস্বরূপ পূর্ণতার দ্বার খুলিয়া দেওয়া। আজকাল প্রাচীন যোগীদিগের পরিণামবাদ বর্ত্তমান কালের জ্ঞানের আলোকে অপেক্ষাকৃত উত্তমরূপে বুঝিতে পারা যাইবে। কিন্তু যোগীদিগের ব্যাখ্যা

